দৈনিক জনকণ্ঠ

তারিখ 29 DEC 1993
পৃষ্ঠা ৩ কলাম ৬

# সারাদেশে আজ ডিগ্রী পরীক্ষা শুরু

**বিশ্ববিদ্যালয় রিপোর্টারঃ** আজ বুধবার থেকে সারাদেশে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ডিগ্রী (পাসও সাবসিডিয়ারী) পরীক্ষা শুরু হচ্ছে। দেশের ৫৮৫টি কলেজের সর্বমোট ১ লাখ ২৭ হাজার ৮৬১ জন ছাত্র-ছাত্রী এ পরীক্ষায় অংশ নেবেন।

সারাদেশে সর্বমোট ৩৩৮টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, এর আগে ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে পৃথক পৃথকভাবে ডিগ্রী পরীক্ষা অনুষ্ঠিত হতো।

(শেষ পৃষ্ঠা ৬ কঃ দেখুন)

## সারাদেশে আজ ডিগ্রী

(প্রথম পৃষ্ঠার পর)

এদিকে ডিগ্রী পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বিশ্ববিদ্যালয় ও কলেজ শিক্ষকদের নিয়ে গঠন করা হয়েছে ২০০ পরিদর্শক টিম, মহানগরীর ২১টি পরীক্ষা কেন্দ্রের শান্তি-শৃঙ্খলা রক্ষার জন্য কেন্দ্রের ২০০ গজের মধ্যে একত্রে চার ব্যক্তির জমায়েত ও চলাফেরা নিষিদ্ধ করা হয়েছে।